



পশ্চিমবঙ্গ সরকার
মহকুমা শাসকের করণ
বালুরঘাট (সদর), দক্ষিণ দিনাজপুর

পত্রাঙ্কঃ ২৭৬-২/SDOCs)

তারিখঃ ২৭/০২/২০২২

বিজ্ঞপ্তি

চুক্তির ভিত্তিতে পঞ্চগয়েত এলাকার নির্দিষ্ট গ্রাম সমূহে আশা শূন্য পদের জন্য নিয়োগ

রাজ্য মিশন অধিকর্তা, জাতীয় স্বাস্থ্য মিশন - এর ২৭-০৬-২০১২ তারিখের পত্র নং HFW/NHRM/20/2006/(PART-II)/1631, এর আদেশনামা অনুযায়ী দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাট (সদর) মহকুমার অন্তর্গত ০৩ টি ব্লকের আশা নিয়োগ এর উদ্দেশ্যে ওই এলাকার গ্রামগুলিতে বসবাসকারী মহিলা প্রার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

শূন্যপদের বিস্তারিত তথ্য এবং আবেদন পত্র ১১-১০-২০২২ তারিখ থেকে সংশ্লিষ্ট বি.ডি.ও. এবং বি.এম.ও.এইচ. অফিস থেকে পাওয়া যাবে।
বিস্তারিত বিবরণ নিম্নলিখিত ওয়েবসাইটেও পাওয়া যাবে www.wbhealth.gov.in অথবা www.ddinajpur.nic.in.

ASHA নিয়োগের ক্ষেত্রে নির্দেশাবলী:

১. কেবলমাত্র বিবাহিতা/বিধবা/আইনগত ভাবে বিবাহ বিচ্ছিন্না মহিলা প্রার্থীরাই আবেদন করতে পারেন।
২. প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের স্থায়ী বাসিন্দা হতে হবে। অন্য গ্রামের কোনো প্রার্থী আবেদন করলে তার আবেদন পত্রটি বাতিল বলে গণ্য করা হবে।
৩. সাধারণ প্রার্থীর বয়স ০১/০১/২০২২ তারিখ পর্যন্ত ৩০ থেকে ৪০ বৎসরের মধ্যে হতে হবে। শুধুমাত্র তপশিলি জাতি ও উপজাতি মহিলাদের ক্ষেত্রে বয়স ২২ থেকে ৪০ বছর হলেও চলবে।
৪. প্রার্থীদের মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ বা অবতীর্ণ হতে হবে। শুধুমাত্র মাধ্যমিক বা তার সমতুল্য পরীক্ষার প্রাপ্ত নম্বরই বিচার করা হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও আবেদন করতে পারেন, কিন্তু উচ্চতর শিক্ষাগত যোগ্যতার কোন মূল্যায়ন হবে না।
৫. গ্রেড -১ এবং গ্রেড -২ স্বনির্ভর গোষ্ঠীর সদস্যা, প্রশিক্ষণ প্রাপ্ত ধাই এবং লিংক ওয়ার্কার গন সংশ্লিষ্ট বিভাগের শংসাপত্র দাখিল করলে অগ্রাধিকার পাবেন।
৬. আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত প্রমানপত্রের প্রতিটির প্রত্যাযিত প্রতিলিপি জমা দিতে হবে। কেবলমাত্র সরকারি আধিকারিকদের দ্বারা প্রত্যাযিত প্রমাণপত্রই গ্রাহ্য হবে। প্রমানপত্র গুলি হল: (ক) জন্ম তারিখের শংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার এডমিট কার্ড/সার্টিফিকেট। (খ) মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ বা অবতীর্ণ হওয়ার মার্কশিট, (গ) এলাকার বাসিন্দা হিসাবে ভোটার আইডেন্টিটি কার্ড/রেশন কার্ড, (ঘ) উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতিগত প্রমাণপত্র (শুধুমাত্র তপশিলি জাতি ও উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য) (ঙ) প্রার্থীর স্বাক্ষরসহ দুই কপি সাম্প্রতিক পাসপোর্ট সাইজের ফটো। প্রমানপত্রের যেকোনো একটি আবেদনপত্রের সঙ্গে যুক্ত না থাকলে আবেদনপত্র গ্রাহ্য হবে না।
৭. নির্দিষ্ট বয়ানে পূরণ করা আবেদনপত্র ০৪-১১-২০২২ তারিখ বিকেল ৫ টা পর্যন্ত সংশ্লিষ্ট বি.ডি.ও. অফিসে (B.D.O Office) জমা নেওয়া হবে।

মহকুমা শাসক
বালুরঘাট (সদর), দক্ষিণ দিনাজপুর
দক্ষিণ দিনাজপুর

বালুরঘাট (সদর) মহকুমার ব্লক ভিত্তিক আশা শূন্যপদের তালিকা

ব্লকের নাম	ক্রমিক নং	গ্রাম পঞ্চগয়েত	সাব সেন্টার এর নাম	গ্রামের নাম	শূন্যপদের সংখ্যা
বালুরঘাট ব্লক	১	অমৃতখন্ড	পন্ডিতপুর	বাদামাইল, চিংড়া	১
তপন ব্লক	১	রামপাড়াচৈঁচড়া	রামপাড়াচৈঁচড়া	বাবতইল	১
	২	আউটিনা	বিষ্ণুপুর	খলসি উচু	১
	৩		কাকনা	শালডাঙ্গা	১
	৪	রামচন্দ্রপুর	সুকদেবপুর	দক্ষিণ সুকদেবপুর	১
	৫	ডাইং মালধগ	বালাপুর	বালাপুর	১
কুমারগঞ্জ ব্লক	১	সমঝিয়া	পলাশি	কুতুবপুর, পানিতারা	১

মহকুমা শাসক
বালুরঘাট (সদর), দক্ষিণ দিনাজপুর
দক্ষিণ দিনাজপুর

এক্সিডিটেড সোস্যাল হেলথ এক্টিভিস্ট (ASHA) পদের জন্য দরখাস্ত

দরখাস্তের বয়ান

প্রতি : সমষ্টি উন্নয়ন আধিকারিক.....রক

জেলা : দক্ষিণ দিনাজপুর

সমীপে

মহাশয়/মহাশয়া

আমি.....রকের এক্সিডিটেড সোস্যাল হেলথ এক্টিভিস্ট (ASHA) পদে চুক্তির
ভিত্তিতে নিয়োগের জন্য আবেদন করছি।

নীচে প্রয়োজনীয় তথ্যাদি পেশ করা হল ও প্রমান্য শংসাপত্র সংযুক্ত করা হল :

(১) নাম :

(২) পিতার নাম :

(৩) স্বামী / অভিভাবকের নাম :

(৪) স্থায়ী ঠিকানা: গ্রাম :

পোষ্ট :

থানা :

জেলা:

পিন নং:

মোবাইল নং :

(৫) জন্ম তারিখ:/...../.....

(৬) ০১/০১/২০২২ তারিখে বয়স : বছর..... মাস..... দিন

(৭) শিক্ষাগত যোগ্যতা:

শিক্ষা প্রতিষ্ঠানের নাম	বোর্ডের নাম	এডমিট কার্ডে উল্লিখিত রোল ও নং	সাল	মোট (এগ্রিগেট)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬

(৮) তপশিলী জাতি / উপজাতি : হ্যাঁ/ না (যদি হ্যাঁ হয় এই মর্মে উপযুক্ত নথিপত্র প্রদান)

(৯) বিবাহিতা/ বিধবা/ আইনগতভাবে বিবাহবিচ্ছিন্না (বিধবা/ আইনগতভাবে বিবাহবিচ্ছিন্নার ক্ষেত্রে উপযুক্ত
নথিপত্র প্রদান করতে হবে)

(১০) কোন গ্রাম/ গ্রামগুলির জন্য বিবেচিত হতে চান তার নাম:

.....।

(১১) স্বীকারোক্তি: আমি এতদ্বারা স্বীকার করছি যে, উপরিউক্ত তথ্যগুলি আমার জ্ঞান ও বিশ্বাস অনুযায়ী সত্য

বিনীত

স্থান :

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর